

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১৭

আগরতলা, ০৯ জানুয়ারি, ২০১৯

মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্থ প্রদানের
জন্য অনলাইন পোর্টাল ব্যবস্থা চালু

রাজ্যে এই প্রথম মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্থ প্রদানের জন্য অনলাইন পোর্টাল ব্যবস্থা চালু করা হয়েছে। আজ মহাকরণের ১নং কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব <https://cmrf.tripura.gov.in/> এই অনলাইন পোর্টালের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এই পোর্টাল ডিজিটাল ত্রিপুরা কর্মসূচির অধীনে রাজ্য সরকারের চালু করা বিভিন্ন উদ্যোগের মধ্যে একটি অন্যতম মাইল ফলক। সারা বিশ্বে একটি উল্লেখযোগ্য অংশের সাহায্যকারী ব্যক্তি ও সংস্থা রয়েছেন যারা তাদের নিজস্ব এলাকা থেকেই প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় ক্ষতিগ্রস্তদের সহায়তার জন্য প্রশাসনকে সাহায্য করতে সচেষ্ট থাকেন। আগে রাজ্যে ত্রাণ সংগ্রহের এই ধরনের পদ্ধতি ছিল না।

অনলাইন পোর্টাল ব্যবস্থার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, প্রাকৃতিক দুর্যোগজনিত পরিস্থিতিতে ক্ষতিগ্রস্তদের জন্য আর্থিক সাহায্য প্রদানের বিষয়টি আরো সহজতর হবে। মুখ্যমন্ত্রী শ্রীদেব বলেন, এই ব্যবস্থা চালু হওয়ার ফলে যে সকল হিতাকাঙ্ক্ষী ব্যক্তি বা প্রতিষ্ঠান বহিরাঙ্গী বা বিদেশে রয়েছেন তারা ইচ্ছা করলে রাজ্যে না এসেও এই পোর্টালের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করতে পারবেন। দান করার সাথে সাথেই সংশ্লিষ্ট দাতাগণ রসিদ পেয়ে যাবেন। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে প্রদত্ত দান আয়কর আইনের ৮০-জি ধারায় গ্রাহ্য হবে। মুখ্যমন্ত্রী বলেন, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ভারতবর্ষকে ডিজিটাল ইন্ডিয়া গড়ার যে স্বপ্ন দেখেছেন, ত্রিপুরা সরকারও সেই দিশাকে অনুসরণ করে বিভিন্ন ক্ষেত্রে ডিজিটাল ব্যবস্থা চালু করার উদ্যোগ নিয়েছেন। এর মধ্যে রয়েছে ই-টেন্ডারিং, ই-পি ডি এস, ই-চালান, ই-গেজেট, বায়োম্যাট্রিক এটেনডেন্স, ব্যবস্থা ইত্যাদি। রাজ্যেও রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে পরিষেবা ও অন্যান্য ক্ষেত্রে এখন পর্যন্ত ৮০-৯০ শতাংশ অনলাইন ব্যবস্থা চালু রয়েছে। এই কর্মসূচিকে আরো সম্প্রসারণের লক্ষ্যেই আজ থেকে এই পোর্টালের সূচনা বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন। উল্লেখ্য, গত বছরের কেরালা এবং নাগাল্যান্ডের ভয়াবহ বন্যার অভিজ্ঞতার নিরীখে আর্ত মানুষের সহায়তার জন্য মুখ্যমন্ত্রীর নির্দেশে এই অনলাইন পোর্টালটি তৈরী হয়। মুখ্যমন্ত্রী বলেন, নতুন সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ২০১৮-১৯ অর্থ বছরের এখন পর্যন্ত মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে মোট ৫৯ লক্ষ ৩৩ হাজার টাকা পাওয়া যায়। তার মধ্যে ৫৪ লক্ষ ৬৩ হাজার টাকা বিভিন্ন ক্ষেত্রে দুর্গতদের সহায়তা করা হয়েছে। সবচেয়ে বেশী এই অর্থবছরেই এই তহবিল থেকে গরীবদের শিক্ষা, স্বাস্থ্য এবং প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবারদের এই অর্থ সহায়তা করা হয়। এছাড়া ২০১৫-১৬ অর্থ বছরে এই তহবিলে মোট পাওয়া যায় ৫২ লক্ষ ৩০ হাজার টাকা। সহায়তা করা হয় ২ লক্ষ ৬৫ হাজার টাকা। ২০১৬-১৭ অর্থ বছরে পাওয়া যায় ২৭ লক্ষ ৯৩ হাজার টাকা। সহায়তা করা হয় ২ লক্ষ ৯৫ হাজার টাকা। ২০১৭-১৮ অর্থ বছরে পাওয়া যায় ১ কোটি ৮৮ লক্ষ ৫৫ হাজার টাকা। সহায়তা করা হয় ৪৪ লক্ষ ৫০ হাজার টাকা।

অনুষ্ঠানে তথ্য ও প্রযুক্তি দপ্তরের অধিকর্তা সলিল দাস ২ হাজার ১ টাকা, মুখ্যমন্ত্রীর ও এস ডি জয়রাজ পাণ্ডিয়া ৫০১ টাকা এই পোর্টালের মাধ্যমে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করেন। উল্লেখ্য, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া পরিচালিত এই অনলাইন পদ্ধতির মাধ্যমেই অর্থ সংগ্রহ হবে। অনুষ্ঠানে বিধানসভার মুখ্যসচিব-বিধায়ক কল্যানী রায়, মুখ্যসচিব এল কে গুপ্তা, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক, বিভিন্ন দপ্তরের সচিবগণ ছাড়াও এস বি আই আগরতলা শাখার এ জি এম সঞ্জীব কুমার, টি এল এ হাউস শাখার এ জি এম বিভাস দাস সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও ব্যাঙ্কের উচ্চ পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
